ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২

২৯ ডিসেম্বর ২০২১
তারিখঃ --------------------
১৪ পৌষ ১৪২৮

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে বিদ্যমান নীতিমালার আওতায় রক্ষিতব্য জেনারেল প্রভিশনের অতিরিক্ত আরো ২% জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সূত্রোল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, ব্যাংকসমূহকে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে অতিরিক্ত প্রভিশন হিসেবে ২% এর পরিবর্তে ১.৫% সংরক্ষণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২